গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. ১০৮৫

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১ / ০৭ মে ২০২৪ খ্রি:

**বিষয়: মে - জুলাই ২০২৪ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।**

**General Condition (সাধারণ অবস্থা):**

১. গত মে, জুন , জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর ২০২৩ ও জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল ২০২৪ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে -১৭.৭, +০.২, -৪.৩, -১২.৭, -১৩.৬, -৬.৮ -৮.৬, -২.৪ ও +৩.৭, -১২.৬, -০.৩, -৬.৩ (Bureau of Meteorology, Australia)।

২. এপ্রিল ২০২৪ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম(-৮১%) বৃষ্টিপাত হয়েছে। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় দেশের অনেক স্থানের উপর দিয়ে ০১-১৯ এপ্রিল ২০২৪ পর্যন্ত মাঝারি থেকে তীব্র এবং ২০-৩০ এপ্রিল ২০২৪ পর্যন্ত তীব্র থেকে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যায় । পশ্চিমা লঘুচাপের সাথে পূবালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ০১-০৭, ১৬-১৮, ২১, ২৩, ২৬-২৮ এবং ৩০ এপ্রিল ২০২৪ সময়ে দেশে বিচ্ছিন্নভাবে বজ্রপাত ও অস্থায়ী দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ কালবৈশাখী ঝড় হয়েছে। এ মাসের ২৭ এপ্রিল ২০২৪ সিলেট এবং ২৮ এপ্রিল ২০২৪ শ্রীমঙ্গলে বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৮৯ কি.মি. রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪৩.৮°সে. (যশোর, ৩০ এপ্রিল ২০২৪) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ৩.২°সে. এবং ২.৮°সে. বেশি এবং সারাদেশে গড় তাপমাত্রা ৩.০°সে. বেশি ছিল। তাপ প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা এপ্রিল ২০২৪ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক মে - জুলাই ২০২৪ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | মে ২০২৪ খ্রি: | | জুন ২০২৪ খ্রি: | | জুলাই ২০২৪ খ্রি: | | মে ২০২৪ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|
| | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:) | |
| ঢাকা | ২৯২ | ২৭৫-৩৫০ | ৩৫৬ | ৩৪০-৩৭৫ | ৩৬৮ | ৩৩০-৪০৫ | ৩০-৪০ |
| ময়মনসিংহ | ৩৮০ | ৩৬০-৪৫৫ | ৪৩২ | ৪১০-৪৫০ | ৪২৭ | ৩৮৫-৪৭০ | ৩০-৪০ |
| চট্টগ্রাম | ৩১০ | ২৯৫-৩৭০ | ৫৮৯ | ৫৩০-৬৪৫ | ৭২০ | ৬৫০-৭৯০ | ৩৫-৪৫ |
| সিলেট | ৫১০ | ৪৮৫-৬১০ | ৬৩৪ | ৫৬০-৬২০ | ৫৭৯ | ৫২০-৬৩৫ | ৩৫-৪৫ |
| রাজশাহী | ১৯৬ | ১৮৫-২৩৫ | ৩০৫ | ২৯০-৩২০ | ৩৬২ | ৩২৫-৪০০ | ৩০-৪০ |
| রংপুর | ২৬১ | ২৪৫-৩১৫ | ৩৮৯ | ৩৭০-৪১০ | ৪২৭ | ৩৮৫-৪৭০ | ৩০-৪০ |
| খুলনা | ১৭৫ | ১৬৫-২১০ | ২৯৬ | ২৮০-৩১০ | ৩৩৯ | ৩০৫-৩৭৫ | ৩৫-৪৫ |
| বরিশাল | ২৬০ | ২৪৫-৩১০ | ৪৮৩ | ৪৬০-৫১০ | ৫১৯ | ৪৬৫-৫৭০ | ৩৫-৪৫ |

১. সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।
২. বঙ্গোপসাগরে ৩-৪ লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে একটি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।
৩. জুন মাসের প্রথমার্ধে সারাদেশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষাকাল) বিস্তার লাভ করতে পারে।
৪. দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা কিছুটা বেশি থাকতে পারে।
৫. দেশে বিক্ষিপ্তভাবে শিলাসহ ৬-৮ দিন হালকা/মাঝারি এবং ৩-৫ দিন তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি /বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
৬. দেশে ৪-৬ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.)/ মাঝারি (৩৮-৩৯.৯°সে.) এবং ১-২ টি তীব্র (৪০ -৪১.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।


৭/৫/২৪
(মোঃ আজিজুর রহমান)
পরিচালক
ফোন: ৪৮১১২৪৫৬ (অফিস)


মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
২। মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
৩। মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫৩০২০।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
৫। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫০৪০০।
৬। সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
৭। সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫৩০।
৮। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
১০। সচিব, খাদ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।